দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR 1989
পৃষ্ঠা ... ৫ কলাম ... 6

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

13

# সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয় পূর্ণাঙ্গের দাবী

টাঙ্গাইল, ৬ মার্চ (নিজস্ব সংবাদদাতা)।— সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয়ের পূর্ণাঙ্গ বাস্তবায়নের দাবীতে জেলা শ্রমিক ফেডারেশন কার্যালয়ে এক সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন বিসিক শ্রমিক নেতা জনাব আবদুস সবুর খান বীর বিক্রম। সভায় বিভিন্ন বক্তা সরকারের নিকট সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালগ পূর্ণাঙ্গ বাস্তবায়নের দাবী জানান এবং দাবী আদায়ের পক্ষে অবিলম্বে বৃহত্তর আন্দোলন গড়ে তোলার প্রস্তাব ব্যক্ত করেন। ভাসানী স্মৃতি সংসদও পূর্ববর্তী এক সভায় একই দাবী উত্থাপন করেছে।